

বর্তমান

২৮.৫.২০১৪

সাপের কামড়ে

মৃত্যু: তদন্ত

নিজস্ব প্রতিনিধি, দক্ষিণ ২৪ পরগনা: গোসাবা ব্লক হাসপাতালে সাপের কামড়ে অসুস্থ এক ব্যক্তির মৃত্যুর ঘটনায় তদন্ত শুরু হল। তিন সদস্যের তদন্ত কমিটি সোমবার গোসাবা এবং এদিন মঙ্গলবার ক্যানিংয়ে চিকিৎসক ও অভিযোগকারীদের সঙ্গে কথা বলেন। গত ১৮ মে ওই ব্যক্তি সজনেখালি বন বিভাগের অফিসে সাপ ধরে নিয়ে গিয়েছিলেন। সাপ ছাড়ার সময় তাঁকে ছেঁবল মারে। এরপর নিজেই গোসাবা হাসপাতালে গিয়ে ভরতি হন। অভিযোগ, সেই সময় কর্তব্যরত চিকিৎসক ও নার্সদের ডেকে পাওয়া যায়নি। সাপের কামড়ের প্রতিবেদক থাকা সত্ত্বেও তা দেওয়া হয়নি। বিষয়টি জানার পরই এ নিয়ে স্বাস্থ্য বিভাগ তদন্তের নির্দেশ দেয়। সোমবার ওই কমিটি গোসাবা হাসপাতালে গিয়ে অভিযুক্ত চিকিৎসক, নার্সদের জিজ্ঞাসাবাদ করে। কেন প্রতিবেদক থাকা সত্ত্বেও তা দেওয়া গেল না, তা নিয়ে জানতে চায় তদন্ত কমিটি। মঙ্গলবার কমিটির সদস্যরা অভিযোগকারী ক্যানিং যুক্তিবাদী সাংস্কৃতিক সংস্থার সম্পাদক বিজন ভট্টাচার্যকে জিজ্ঞাসা করেন।

Bartaman (2nd largest Bengali Newspaper)

28/5/2014

Investigation: snakebite death

South 24 Parganas, an investigation committee of three members was set up to investigate the death of a snake bite patient in Gosaba Block Hospital. The committee visited Gosaba on Monday and Canning on Tuesday where they spoke to the Doctors and the persons those who have complaint about the unusual death of the patient. On 18th May the snakebite victim rescued a snake and went to the forest division office where during the release he was bitten by the snake, After that he himself went to the Gosaba hospital to get admitted, The victim's relatives and the co- workers have complaint that during that time none of the on- duty officers and nurses were available; they also complaint that though they had anti-venom in their stock sill it was no given to the patient. After listening to all this things the Health Department decided to set an investigation committee. On Monday the members of the committee visited to the hospital and interrogated the accused doctors and nurses, they wanted to know that why anti venom was not administered in spite of having the stock. On Tuesday the committee members met with the Secretary Bijan Bhattacharya of canning Juktibadi and cultural organization who have complaint about the patient death.

কলম ২০.০৪.২০১৪

সাপ সংরক্ষণের প্রচারণার মৃত্যু হল কেউটের ছোবলে!

সাকিল আহমেদ, সুন্দরবন: সুন্দরবনের জঙ্গলে সাপ ছাড়তে গিয়ে বিষধর কেউটের ছোবলে প্রাণ গেল এক সর্পকর্মী। মৃত সর্পকর্মীর নাম জয়দেব মণ্ডল। তিনি গত শুক্রবার দুপুরে। ক্যানিং যুক্তিবাদী সংস্থা বিষধর সাপের উপর সচেতনতা জাগরুণ মান; প্রচার অভিযান চালিয়ে থাকে। এরা সাপ সংরক্ষণ কেন প্রয়োজন, তা জনে-জনে প্রচার দিবে। প্রকৃতির ভারসাম্য বজায় রাখতে সাপকেও না মেরে রেখে দেওয়া দরকার বলে প্রচার করত তারা। আর ঘটনার ক্ষেত্রে সেই প্রচারকেরই মৃত্যু হল সাপের ছোবলে।

সুন্দরবনের টাইগার রিজার্ভ বন দফতরের সহপাতায় শুক্রবার দুপুরে দুটি বিষধর কেউটে সাপ ধরে তাকে প্রাণে না মেরে জঙ্গলে ছাড়তে যান জয়দেব মণ্ডল। একটি সাপ সহজে চলে গেলেও আর

একটি বিষধর কেউটে সাপ ঘুরে দাঁড়ায় ছোবলের পর ছোবল মারে। তাঁকে গোসাবা ব্লক হাসপাতালে নিয়ে গিয়ে কুড়িটি এভিএস দেওয়া হয়। তারপর ক্যানিং মহকুমা হাসপাতাল থেকে বিকেল ৫ টা নাগাদ নিউসটেমিন নিয়ে যাওয়া হয়। গদখালিতে বাইকে করে ওষুধ পৌঁছয়। কিন্তু শেষ রক্ষা হয় না।

বিদ্যাধরী নদী পার হওয়ার আগেই মৃত্যুর কোলে চলে পড়েন জয়দেব। পুলিশ মৃতদেহ উদ্ধার করে কাঁটাপুকুর মর্গে সুরতহাল করার জন্য পাঠিয়েছে। সুন্দরবন এলাকায় সাপ না মারার সচেতনতা বাড়াতে ক্যানিং যুক্তিবাদী সমিতি বছর ভর প্রচার অভিযান চালিয়ে থাকে। কিন্তু সেই সাপের কামড়ে তাঁদেরই এককর্মীর অকালমৃত্যু এই আন্দোলনকে কিছুটা ব্যাকফুটে ঠেলে দিল। কথায় বলে 'সাপের লেখা আর বাঘের দেখা' সেই ঘটনাই যেন সত্যি হল।

Kalam 20.04.2014

Snake conservationist died due to Monocled cobra bite

A snake conservationist died due to snake bite from a Monocled cobra during its release in the Sundarban jungle. This incidence occurred on Friday afternoon. The canning Juktibadi organisation are working in the field of education and making people aware regarding snakes, why snake conservation is important for ecological balance in this ecosystem. Circumstantially one of their conservation worker died due to snake bite.

With the help of Sunderban Tiger Reserve Forest officers on Friday evening two venomous Monocled cobra were rescued and instead of killing them, they were taken to the jungle for releasing them by Joydev Mondal, one of the snake was released safely but while releasing the other it turned back and bite Joydev. He was then transferred to the Gosaba Block hospital where he was given 20 vials of AVS, around 5 o' clock in the evening the neostigmine was taken from the canning hospital; and reached Gadkhali on bike, but all in vain, Joydev died, before crossing the Vidhyadhari river. The dead body was sent by the police to the Katapukur Morge for post-mortem. The organisation members have been working hard to reduce the killing of snakes in the Sunderban areas by educating people for years. But now all this work has been sent to back foot after the death of one of their member. There is a saying in Bengali that "getting a bite from a snake and seeing a tiger is all about destiny." It seems like the saying has been true for joydev.

প্রয়াগ ২০.০৪.২০১৪

গোসাবায় সপাঘাতে মৃত ১

নিজস্ব প্রতিনিধিঃ বন দফতরের কর্মীদের হাতে বিষধর সাপ তুলে দেওয়ার সময় কেউটে সাপের ছোবলে মারা গেলেন ক্যানিং যুক্তিবাদী সংগঠনের কর্মী জয়দেব মণ্ডল (৩৪)। শুক্রবার রাতে গোসাবা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ভর্তি করা হলে রাতেই মারা যান জয়দেববাবু। শনিবার সকালে মৃতদেহ ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে গোসাবা থানার পুলিশ। ক্যানিং যুক্তিবাদী সংগঠনের তরফ থেকে জানানো হয়েছে, শুক্রবার তাদের কর্মী জয়দেব মণ্ডল দশটি বিষধর সাপ নিয়ে গোসাবা বন দফতরে গিয়েছিলেন। ওই সময় জয়দেব মণ্ডলের হাতে ছোবল মারে কেউটে সাপ। সঙ্গে সঙ্গে অসুস্থ হয়ে অজ্ঞান হয়ে যান জয়দেববাবু। রাতেই গোসাবা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ভর্তি করা হয়।

Prayag

20.04.2014

Snakebite death in Gosaba

One of the member of canning Juktibadi organisation, Joydev Mondal , age 34 years died due to a Monocled cobra bite while handing it over to the forest division officers . On Friday at night he was admitted to the Gosaba Primary hospital but he died that night only. On Saturday morning his body was sent for post-mortem by the Gosaba police. The canning Juktibadi organisation have informed that their member Joydev Mondal on Friday went to Gosaba forest department with 10 rescued snakes , during that time one Monocled cobra bit Joydev on his hand , immediately he became sick and lost his consciousness . In evening he was admitted to the Gosaba primary Hospital.